সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক)

২৯/এ (ফরচুন গার্ডেন), বঙ্গবীর রোড, নাইওরপুল, সিলেট।

ই-মেইল: sylhetda2025@gmail.com, Web: www.sda.gov.bd

স্মারক নং- ২৫.১১.০০০০.০০২.১৩.০০১.২৬-৬৩ তারিখঃ- ১৫/০৯/২০২৬ খ্রি.

প্রকৌশলী, স্থপতি, কারিগরি প্রতিষ্ঠান ও রিয়েল এস্টেট ডেভেলপার হিসেবে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি (সময় বর্ধিতকরণ)

সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকার মধ্যে ভবন/ইমারত নির্মাণ অনুমোদনের লক্ষ্যে জমাকৃত নকশায় স্বাক্ষরকারী প্রকৌশলী, স্থপতি, কারিগরি উপদেষ্টা প্রতিষ্ঠান ও রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য এ কার্যালয় হতে বিগত ১৮ আগস্ট ২০২৬ খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি (স্মারক নং: ২৫.১১.০০০০.০০২.১৩.০০১.২৬-২৭) এর সূত্রের ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত তালিকাভুক্তির আবেদনের সময়সীমা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

বিজ্ঞপ্তিতে উল্লেখিত অন্যান্য প্রযোজনীয় শর্তাবলি ও নিয়মাবলি অপরিবর্তিত থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহী প্রকৌশলী, স্থপতি ও প্রতিষ্ঠানসমূহকে প্রযোজনীয় ডকুমেন্টসহ আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি:

ক. প্রয়োজনীয় তথ্যসহ পূরণকৃত আবেদনপত্র এবং অতিরিক্ত সহায়ক নথিপত্র।

খ. ১ (এক) কপি সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/ডিপ্লোমা, স্থাপত্য-এ স্নাতক/ ডিপ্লোমা এবং/অথবা অন্য কোনো উচ্চতর ডিগ্রির সার্টিফিকেট।

গ. ১ (এক) টি জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

ঘ. ১ (এক) টি TIN সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর রিটার্ন প্রাপ্তিস্বীকার রসিদের অনুলিপি।

VAT রেজিস্ট্রেশন নম্বর (সনদের অনুলিপি)।

ঙ. আইইবি/আইএবি/আইডিইবি সদস্যপদের সনদের ১ (এক) টি অনুলিপি।

চ. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

ছ. আবেদনপত্রে চাহিত অন্যান্য তথ্যাবলী।

(মো: সাদি উর রহিম জাদিদ)
নির্বাহী পরিচালক
সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট।
ফোন: +৮৮০ ০১৩৩৪৭৬৮৪৯১
sylhetda2025@gmail.com